

# শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট

## শ্রেণি- চতুর্থ

বিষয়- ছেলেবেলার দিনগুলি (গদ্য)

লেখিকা - পূণ্যলতা চক্রবর্তী

বিষয়বস্তুর প্রকৃতি - জীবনীমূলক

1) শব্দার্থ :-

সাথী - সঙ্গী।

কুবুদ্ধি - দুষ্টি বুদ্ধি, বদ বুদ্ধি।

আহত - আঘাতপ্রাপ্ত।

আনমনে - অন্যমনস্ক ভাবে।

ছিরি - চেহারা।

হাতকড়ি - অপরাধীর হাত বাঁধার জন্য লোহার তৈরি বালা বিশেষ।

মজবুত - শক্ত, কঠিন।

অনিষ্ট - ক্ষতি, অমঙ্গল।

নাকাল - জব্দ, হয়রান।

উপক্রম - আরম্ভ, সূত্রপাত।

সংগ্রহ - জোগাড়।

2) লেখিকার জ্যাঠামশাই কেমন প্রকৃতির মানুষ ছিলেন?

উঃ) লেখিকার জ্যাঠামশাইকে বাড়ির ছোটরা খুব ভয় পেত। তাঁর চেহারা ও গলার আওয়াজ ছিল খুব গম্ভীর। লেখিকারা শুনে ছিলেন তিনি খুব বড়ো খেলোয়াড় ছিলেন, তাঁর গায়ে

ছিল খুব জোর আর তিনি খুব রাগি মানুষ ছিলেন, যদিও তাঁর রাগের পরিচয় লেখিকা পাননি। বরং দেখতে পেলে হেসে কথা বলতেন। বাড়িতে একমনে তিনি লেখাপড়া করতেন ও মনের দিক থেকে তিনি খুব ভালো মানুষ ছিলেন।

3)i). দোতলা পুতুলঘর কে কীভাবে সাজিয়ে দিয়েছিলেন?

ii). পুতুলঘরে কীভাবে আগুন লেগেছিল?

উঃ) i). লেখিকা পুণ্যলতা চক্রবর্তীর মা দোতলা পুতুলঘর খুব সুন্দর করে সাজিয়ে দিয়েছিলেন। সেখানে নানা ধরণের পুতুলের সাথে পুতুলের উপযোগী খাট-বিছানা, চেয়ার-টেবিল, পুতুলদের নানারকম বাসন, জামাকাপড়, পুঁতির গয়না ইত্যাদি ছিল। মানুষের অনুকরণে পুতুলের সংসার সাজানো হয়েছিল।

ii). লেখিকাদের পুতুলঘরে পুতুলের বিয়ে দেওয়া হত। একবার পুতুলের বিয়ে উপলক্ষে লেখিকারা ফুল পাতা, নিশান দিয়ে পুতুলের বাড়ি সাজিয়ে সারি সারি ছোটো ছোটো রঙিন মোমবাতি জ্বালিয়েছিলেন। মোমবাতি জ্বলে শেষ হয়ে যাওয়ায় মোমবাতির আগুন থেকেই পুতুলঘরে আগুন লেগেছিল, নিশান পুড়ে গিয়ে কাঠের ছাত পর্যন্ত আগুন ছড়িয়ে পড়েছিল। কোনমতে পুতুলগুলো রক্ষা পেয়েছিল।

4) "আমার গল্পটা মাটি হয়ে গেল" - কীভাবে লেখিকার গল্পটা মাটি হয়ে গেল?

উঃ) দাদা সুকুমার রায়ের দেখাদেখি লেখিকা পুণ্যলতা চক্রবর্তী ও কবিতা লেখার জন্য খাতা বানিয়েছিলেন, যেখানে উনি একটা গল্পও লিখছিলেন। একদিন দুপুরে উনি যখন লিখছিলেন তখনকার সাহিত্যিক নগেন্দ্র নাথ গুপ্ত লেখিকার বাবার সঙ্গে দেখা করতে চান। লেখিকা খাতাটি রেখে বাবাকে ডাকতে গেলে উনি সেই অবসরে বাকি গল্পটি লেখিকার খাতায় শেষ করে দেন। নামকরা সাহিত্যিক হিসাবে গল্পটি লেখায় সেটি সাহিত্যগুণে ভালো হলেও লেখিকার মনে হয়েছিল যে তাঁর গল্পটি মাটি হয়ে গেল, যেহেতু লেখিকার ভাবনা-চিন্তার ফসল সেটি ছিল না, তাই গুঁর মনে হয়েছিল যে গল্পটি গুঁর লেখা হল না। তাই উনি একথা বলেছেন।